যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৩৩

১/ বিবিধ

আরবী

ما رأى المسلمون حسنا فهو عند الله حسن، وما رآه المسلمون سيئا فهو عند الله سيء
لا أصل له مرفوعا

وإنما ورد موقوفا على ابن مسعود قال: " إن الله نظر في قلوب العباد فوجد قلب محمد صلى الله عليه وسلم خير قلوب العباد، فاصطفاه لنفسه، فابتعثه برسالته، ثم نظر في قلوب العباد بعد محمد صلى الله عليه وسلم فوجد قلوب أصحابه خير قلوب العباد، فجعلهم وزراء نبيه، يقاتلون على دينه فما رأى المسلمون.... " إلخ
أخرجه أحمد (رقم 3600) والطيالسي في " مسنده " (ص 23) وأبو سعيد ابن الأعرابي في " معجمه " (84 / 2) من طريق عاصم عن زر بن حبيش عنه. وهذا إسناد حسن. وروى الحاكم منه الجملة التي أوردنا في الأعلى وزاد في آخره: " وقد رأى الصحابة جميعا أن يستخلفوا أبا بكر رضي الله عنه " وقال: " صحيح الإسناد " ووافقه الذهبي. وقال الحافظ السخاوي: " هو موقوف حسن
قلت: وكذا رواه الخطيب في " الفقيه والمتفقه " (100 / 2) من طريق المسعودي عن عاصم به إلا أنه قال: " أبي وائل " بدل " زر بن حبيش ". ثم أخرجه من طريق عبد الرحمن بن يزيد قال: قال عبد الله: فذكره
وإسناده صحيح. وقد روي مرفوعا ولكن في إسناده كذاب كما بينته آنفا. وإن من عجائب الدنيا أن يحتج بعض الناس بهذا الحديث على أن في الدين بدعة حسنة، وأن

الدليل على حسنها اعتياد المسلمين لها! ولقد صار من الأمر المعهود أن يبادر هؤلاء إلى الاستدلال بهذا الحديث عندما تثار هذه المسألة وخفي عليهم

أ ـ أن هذا الحديث موقوف فلا يجوز أن يحتج به في معارضة النصوص القاطعة في أن " كل بدعة ضلالة " كما صح عنه صلى الله عليه وسلم

ب ـ وعلى افتراض صلاحية الاحتجاج به فإنه لا يعارض تلك النصوص لأمور: الأول أن المراد به إجماع الصحابة واتفاقهم على أمر، كما يدل عليه السياق، ويؤيده استدلال ابن مسعود به على إجماع الصحابة على انتخاب أبي بكر خليفة، وعليه فاللام في " المسلمون " ليس للاستغراق كما يتوهمون، بل للعهد

الثاني: سلمنا أنه للاستغراق ولكن ليس المراد به قطعا كل فرد من المسلمين، ولوكان جاهلا لا يفقه من العلم شيئا، فلابد إذن من أن يحمل على أهل العلم منهم، وهذا مما لا مفر لهم منه فيما أظن

فإذا صح هذا فمن هم أهل العلم؟ وهل يدخل فيهم المقلدون الذين سدوا على أنفسهم باب الفقه عن الله ورسوله، وزعموا أن باب الاجتهاد قد أغلق؟ كلا ليس هؤلاء منهم وإليك البيان: قال الحافظ ابن عبد البر في " جامع العلم " (2 / 36 ـ 37) : " حد العلم عند العلماء ما استيقنته وتبينته، وكل من استيقن شيئا وتبينه فقد علمه، وعلى هذا من لم يستيقن الشيء، وقال به تقليدا، فلم يعلمه، والتقليد عند جماعة العلماء غير الاتباع، لأن الاتباع هو أن تتبع القائل على ما بان لك من صحة قوله، والتقليد أن تقول بقوله وأنت لا تعرفه ولا وجه القول ولا معناه

ولهذا قال السيوطي رحمه الله: " إن المقلد لا يسمى عالما " نقله السندي في حاشية ابن ماجة (1 / 7) وأقره. وعلى هذا جرى غير واحد من المقلدة أنفسهم بل زاد بعضهم في الإفصاح عن هذه الحقيقة فسمى المقلد جاهلا فقال صاحب " الهداية " تعليقا على قول الحاشية: " ولا تصلح ولاية القاضي حتى ... يكون من أهل الاجتهاد " قال (5 / 456) من " فتح القدير ": " الصحيح أن أهلية الاجتهاد شرط الأولوية، فأما تقليد الجاهل فصحيح عندنا، خلافا للشافعي

قلت: فتأمل كيف سمى القاضي المقلد جاهلا، فإذا كان هذا شأنهم، وتلك منزلتهم في العلم باعترافهم أفلا تتعجب معي من بعض المعاصرين من هؤلاء المقلدة كيف أنهم يخرجون عن الحدود والقيود التي وضعوها بأيديهم وارتضوها مذهبا لأنفسهم، كيف يحاولون الانفكاك عنها متظاهرين بأنهم من أهل العلم لا يبغون بذلك إلا تأييد ما عليه العامة من البدع والضلالات، فإنهم عند ذلك يصبحون من المجتهدين اجتهادا مطلقا، فيقولون من الأفكار والآراء والتأويلات ما لم يقله أحد من الأئمة المجتهدين، يفعلون ذلك، لا لمعرفة الحق بل لموافقة العامة! وأما فيما يتعلق بالسنة والعمل بها في كل فرع من فروع الشريعة فهنا يجمدون على آراء الأسلاف، ولا يجيزون لأنفسهم مخالفتها إلى السنة، ولوكانت هذه السنة صريحة في خلافها، لماذا؟ لأنهم مقلدون! فهلا ظللتم مقلدين أيضا في ترك هذه البدع التي لا يعرفها أسلافكم، فوسعكم ما وسعهم، ولم تحسنوا ما لم يحسنوا، لأن هذا اجتهاد منكم، وقد أغلقتم بابه على أنفسكم؟! بل هذا تشريع في الدين لم يأذن به رب العالمين، (أم لهم شركاء شرعوا لهم من الدين ما لم يأذن به الله) وإلى هذا يشير الإمام الشافعي رحمة الله عليه بقوله المشهور: " من استحسن فقد شرع ". فليت هؤلاء المقلدة إذ تمسكوا بالتقليد واحتجوا به ـ وهو ليس بحجة على مخالفيهم ـ استمروا في تقليدهم، فإنهم لوفعلوا ذلك لكان لهم العذر أو بعض العذر لأنه الذي في وسعهم، وأما أن يردوا الحق الثابت في السنة بدعوى التقليد، وأن ينصروا البدعة بالخروج عن التقليد إلى الاجتهاد المطلق، والقول بما لم يقله أحد من مقلديهم (بفتح اللام) ، فهذا سبيل لا أعتقد يقول به أحد من المسلمين.

وخلاصة القول: أن حديث ابن مسعود هذا الموقوف لا متمسك به للمبتدعة، كيف وهو رضي الله عنه أشد الصحابة محاربة للبدع والنهي عن اتباعها، وأقواله وقصصه في ذلك معروفة في " سنن الدارمي " و" حلية الأولياء " وغيرهما، وحسبنا الآن منها قوله رضي الله عنه: " اتبعوا ولا تبتدعوا فقد كفيتم، عليكم بالأمر العتيق ". فعليكم أيها المسلمون بالسنة تهتدوا وتفلحوا

বাংলা

৫৩৩। যেটিকে মুসলিমরা ভাল জানে তা আল্লাহর নিকটে ভাল। আর যাকে মুসলিমরা মন্দ জানে তা আল্লাহর নিকটেও মন্দ।

মারফু' হিসাবে এটির কোন ভিত্তি নেই।

ইবনু মাসউদ হতে মওকুফ হিসাবে এসেছে।

এটিকে ইমাম আহমাদ (নং ৩৬০০), তায়ালিসী তার "মুসনাদ" (পৃঃ ২৩) এবং আবু সাঈদ ইবনুল আরাবী তার "মু'জাম" (২/৮৪) গ্রন্থে আসেম সূত্রে যার্‌র ইবনু হুবায়েশ হতে বর্ণনা করেছেন। এ সনদটি হাসান। এটি হাকিম বর্ণনা করে বলেছেনঃ সনদটি সহীহ। ইমাম যাহাবী তার সাথে একমত পোষণ করেছেন। হাফিয সাখাবী বলেছেনঃ মওকুফ হিসাবে হাসান।

আমি (আলবানী) বলছিঃ অনুরূপভাবে আল-খাতীব "আল-ফাকীহ ওয়াল মুতাফাক্কিহ" (২/১০০) গ্রন্থে মাসউদী সূত্রে বর্ণনা করেছেন। কিন্তু তিনি যার ইবনু হুবায়েশ-এর স্থলে আবু ওয়ায়েলকে উল্লেখ করেছেন। অতঃপর তিনি আব্দুর রহমান ইবনু ইয়াযীদ সূত্রে বর্ণনা করেছেন। এ সনদটি সহীহ ।

মারফু' হিসাবে বর্ণনা করা হয়েছে। কিন্তু তার সনদে মিথ্যুক বর্ণনাকারী রয়েছে। যেমনটি কিছু পূর্বেই বর্ণনা করেছি।

আশ্চর্যজনক ব্যাপার এই যে, ধর্মের মধ্যে বিদ'আতে হাসানা (ভাল বিদ'আত) সাব্যস্ত করার জন্যে কিছু লোক এ হাদীছ দ্বারা দলীল গ্রহণ করে থাকে। বিদ'আতে হাসানার জন্যে দলীল গ্রহণ করাটা মুসলিমদের অভ্যাসগত ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। তারা এ হাদীছ দ্বারা দলীল গ্রহণ করার দিকে ধাবিত হয় অথচ তাদের নিকট নিম্নোক্ত বিষয়গুলো লুক্কায়িতই রয়ে গেছেঃ

ক। এ হাদীছটি মওকুফ, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে সাব্যস্ত হওয়া সুস্পষ্ট দলীল সকল প্রকার বিদ'আতই ভ্রষ্টতা'-এর সাথে সাংঘর্ষিক। অতএব তা দ্বারা দলীল গ্রহণ করাই জায়েয নয় ।

খ। যদি ধরে নেয়া হয় যে দলীল গ্রহণ করার যোগ্য তাহলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে সাব্যস্ত দলীলের বিপক্ষে হওয়ার কারণে তা নিম্নোক্ত কারণে গ্রহণ যোগ্য নয়ঃ

১। এর দ্বারা কোন বিষয়ের উপর শুধুমাত্র সাহাবাগণের একমত হওয়াকেই বুঝানো হয়েছে। যার ইঙ্গিত বহণ করছে হাদীছটির অন্য অংশ। যাকে শক্তি যোগাচ্ছে ইবনু মাসউদ (রাঃ) কর্তৃক আবু বকর (রাঃ)-কে খলীফা হিসাবে নির্বাচিত করার বিষয়ে সাহাবাগণের একমত হওয়া দ্বারা দলীল গ্রহণ করা। এর ভিত্তিতে বলতে হচ্ছে যে আল-মুসলেমূন এর আলিফ ও লামটি ইসতিগরাকের (সবাইকে সম্পৃক্তকারী সূচক আলিফ-লাম) জন্য নয় যেমনটি তারা ধারনা করছে বরং এটি আলিফ-লামে আহাদ-এর জন্য অর্থাৎ নির্দিষ্ট মুসলিমদেরকে বুঝানো হয়েছে।

২। যদি ধরেইনি যে ইসতিগরাকের জন্য তাহলে অবশ্যই তা দ্বারা মুসলিমদের প্রত্যেক ব্যক্তিকে বুঝানো হচ্ছে

এমনটি নয়। কারণ জাহেল (অজ্ঞ) ব্যক্তি যে কিছুই বুঝে না সে কোনক্রমেই এ মুসলিমদের অন্তর্ভুক্ত হতে পারে না। অতএব যারা (আহলে ইলম) জ্ঞানী তাদেরকেই বুঝানো হচ্ছে এমনটিই ধরে নিতে হবে।

যদি তাই হয় তাহলে আমাদেরকে জানতে হবে আহলে ইলম কারা? এই আহলে ইলমের দলে সেই সব মুকল্লিদ যারা নিজেদের উপর ইজতিহাদের পথকে বন্ধ করে ফেলেছে এবং ধারণা পোষণ করেছে যে, ইজতিহাদের দরজা বন্ধ হয়ে গেছে তারা অন্তর্ভুক্ত কি না? কখনই তারা তাদের অন্তর্ভুক্ত নয়। তার বিবরণ নিম্নে প্রদান করা হলোঃ

আল্লামা সুয়ূতী বলেনঃ إن المقلد لا يسمى عالما মুকাল্লিদ কখনও আলেম হতে পারে না। সিন্দী ইবনু মাজার (১/৭) হাশিয়াতে এটি নকল করেছেন এবং তা স্বীকার করেছেন।

মোটকথা ইবনু মাসউদ (রাঃ)-এর এই মওকুফ হাদীছ বিদ'আতীদের জন্য দলীল নয়। কিভাবে তা হতে পারে যেখানে তিনি নিজেই সাহাবাদের মধ্যে বিদ'আতের বিরুদ্ধে এবং তার অনুসরণ করতে নিষেধ করার ব্যাপারে যুদ্ধ ঘোষণায় কঠোর ছিলেন। তার বাক্য ও ঘটনাবলী "সুনানুদ্দারেমী" এবং "হিলইয়াতুল আওলিয়া" সহ অন্যান্য গ্রন্থে আলোচিত হয়েছে। তার নিম্নোক্ত বাক্যটিই আমাদের জন্য এ মূহুর্তে যথেষ্টঃ

اتبعوا ولا تبتدعوا فقد كفيتم، عليكم بالأمر العتيق

'তোমরা অনুসরণ করো-বিদ'আত চালু করবে না-তোমাদের জন্য তাই যথেষ্ট। তোমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশকে ধারণ কর।'

অতএব হে মুসলিম ভাইয়েরা, আপনারা সুন্নাতকে আঁকড়ে ধরুন হেদায়েত প্রাপ্ত হবেন এবং সফলকাম হবেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71412

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন